

## লেবার পার্টি ল্যাকেম্বা শাখার বাংলাদেশী সভাপতি

প্রেস বিজ্ঞপ্তি: অস্ট্রেলিয়া লেবার পার্টি গত ৯ নভেম্বর ২০১৩ নতুন শাখার কমিটি গঠন করেন। ল্যাকেম্বা সিটিজেন হলে নতুন ল্যাকেম্বা শাখার কমিটি গঠিত হয়। ল্যাকেম্বাতে ক্রমবর্ধমান জনসংখ্যা বৃদ্ধি কল্পে লেবার পার্টির নেতৃবৃন্দ এ শাখার অনুমোদন দেন। নতুন শাখা উপলক্ষে অনুষ্ঠানে উপস্থিত ছিলেন প্রাক্তন মন্ত্রী, বর্তমানে ছায়া মন্ত্রী ও এমপি মি. টনি বার্ক, রবার্ট ফুলোরো এমপি, ক্যান্টাব্যারি সিটি কাউন্সিলের ডেপুটি মেয়র মি. কে সালেহ, কাউন্সিলর মি. মার্ক এডলার, নিউ সাউথ ওয়েলসের নেতা মি. ডেভিড লেইথাম সহ স্থানীয় নেতৃবৃন্দ। লেবার পার্টির নেতৃবৃন্দ ল্যাকেম্বাতে একটি শক্তিশালী শাখা গঠনের লক্ষ্যে জনাব জামিল হোসেনকে সভাপতি এবং মি. হাসান কোরেশীকে সাধারণ সম্পাদকের দায়িত্ব প্রদান করেন। কেন্দ্রীয় নেতৃবৃন্দ আগামী বৎসরের দ্বিতীয় মাসের মধ্যে জামিল হোসেন এবং মি. হাসান কোরেশী একটি পূর্ণাঙ্গ কমিটি গঠন করবে বলে আশা ব্যক্ত করেন। অনুষ্ঠানে স্থানীয় লেবার পার্টির বিপুল সংখ্যক কর্মী উপস্থিত ছিলেন।

